গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: মার্চ ২০২৩ মাসে অনুষ্ঠিত "সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ : ২৭ মার্চ, ২০২৩
সভার সময় : সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
বিবেচ্য মাস : ফেব্রুয়ারি,২০২৩

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা : পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা এবং ধর্মীয় ভাব-গাম্ভীর্যের মাধ্যমে পবিত্র মাহে রমজান উদযাপনের আহবান জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। অত:পর গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনান্তে নিম্নোক্ত এজেন্ডাভিত্তিক আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি ১: **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

গত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্যসূচি ২: **সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর পূর্ত নির্মাণ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা**

সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় জানান যে, সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের প্রকল্প পরিচালকের দপ্তর,ভূমি মন্ত্রণালয়,ঢাকা'র স্মারক নং-৩১.০০.০০০০.০৯০.১৪.০১৪.১৭-৪৯৯,তারিখঃ ২৯/০৮/২০১৮ মোতাবেক কুড়িগ্রাম জেলায় চলমান ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিতকল্পে নির্মাণ কাজের তদারকি করার জন্য জেলা ও উপজেলা মনিটরিং কমিটি গঠন করা হয় এবং জেলা ও উপজেলা মনিটরিং কমিটির সভা প্রতিমাসে নিয়মিত করার নির্দেশনা প্রদান করা হয়েছে।

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম জানান প্রকল্পের আওতাভূক্ত এ জেলার ৯ টি উপজেলার ১৯ (উনিশ) টি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজ ও ০৪(চার)টি সীমানা প্রাচীরের নির্মাণ শতভাগ সম্পন্ন হয়েছে। ইউনিয়ন ভূমি অফিস ভবন ও সীমানা প্রাচীর সংশ্লিষ্ট সহকারী কমিশনার (ভূমি)গণের নিকট হস্তান্তর করা হয়েছে। গত সভার সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে চলমান ইউনিয়ন ভূমি অফিসসমূহের নির্মাণ কাজের তথ্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় ছক আকারে উপস্থাপন করেন:

| ক্রঃ নং | উপজেলা | ইউনিয়ন ভূমি অফিসের নাম | চুক্তি মূল্য | ঠিকাদার/প্রতিষ্ঠানের নাম | কাজ সমাপ্তির তারিখ | কাজের অগ্রগতি |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজারহাট | উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিস | ১,৬৭,৫৮,০০০/ | মোঃ জাহাঙ্গীর আলম সুমন তিস্তা,লালমনির হাট। | ২৭/১০/২০১৯ | ১০০% |
| ২ | কুড়িগ্রাম সদর | ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস | ৫৪,৫২,০০০/- | মেসার্স ফেলকন এন্টারপ্রাইজ হরিকেশ কুড়িগ্রাম। | ১৬/১০/২০২০ | ১০০% |

উপজেলা নির্বাহী অফিসার,রাজারহাট,কুড়িগ্রাম জানান যে, রাজারহাট উপজেলাধীন উমর মজিদ ইউনিয়ন ভূমি অফিসের সামনে মাটি ভরাটের কাজ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলাধীন ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস এর সংযোগ রাস্তা ও অভ্যন্তরিণ ড্রেন নির্মাণ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

আলোচ্যসূচি ৩: **উপজেলা ভূমি অফিস,পৌর ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস মেরামত/সংস্কার**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম অবহিত করেন যে, ভূমি মন্ত্রণালয়ের ০৭ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের ৩১.০০.০০০০. ০৩৮.২০.০০৬.২২.৬৭ নম্বর স্মারকে উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস মেরামত/সংস্কারের জন্য =৫১,৪৪,৮৩২/- (একান্ন লক্ষ চুয়াল্লিশ হাজার আটশত বত্রিশ) টাকা বরাদ্দ পাওয়া গেছে। সে প্রেক্ষিতে জরুরি মেরামত/সংস্কারের প্রয়োজন এরুপ অগ্রাধিকারভিত্তিক উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিসের তালিকা ব্যয় প্রাক্কলনসহ ১৫/০৩/২০২৩ তারিখ

চলমান-২

এর মধ্যে এ কার্যালয়ে প্রেরণের নির্দেশনা থাকলেও শুধুমাত্র কুড়িগ্রাম সদর ও নাগেশ্বরী হতে চাহিত তথ্য এ কার্যালয়ে পাওয়া গেছে। অবশিষ্ট ৭ (সাত) টি উপজেলা হতে চাহিত তথ্য এ কার্যালয়ে পাওয়া না যাওয়ায় নির্ধারিত সময়ের মধ্যে মেরামত/সংস্কার কাজ সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণে জটিলতা সৃষ্টি হয়েছে।

আলোচ্যসূচি ৪: **বিবিধ**

সভায় উপস্থিত উপজেলা নির্বাহী অফিসার, চর রাজিবপুর, কুড়িগ্রাম জানান যে, ২৬/০২/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ভূমি অফিস, চর রাজিবপুর, কুড়িগ্রাম এর অভ্যন্তরিন সীমানা দিয়ে পার্শ্ববর্তী ব্যক্তি মালিকানাধীন ভবনের পল্লী বিদুৎ সমিতির বৈদ্যুতিক সঞ্চালন লাইন ইতোমধ্যে অপসারণ করা হয়েছে।

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| ১। নির্মাণাধীন/নির্মিত প্রত্যেকটি ইউনিয়ন ভূমি অফিসের নির্মাণ কাজের গুণগত মান সঠিক রাখার বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম নিয়মিত পরিরিদর্শন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম<br>২। সহকারী কমিশনার (ভূমি)(সকল),কুড়িগ্রাম |
| ২। কুড়িগ্রাম সদর উপজেলাধীন নির্মাণকৃত ভোগডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিসের অবকাঠামো ও অভ্যন্তরিণ ড্রেন নির্মাণ কাজ সম্পন্ন বিষয়ে আগামী মাসিক জেলা রাজস্ব সম্মেলনের পূর্বেই পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার,কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।<br>২। সহকারী কমিশনার(ভূমি),কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। |
| ৩। জরুরি মেরামত/সংস্কারের প্রয়োজন এরুপ অগ্রাধিকারভিত্তিক উপজেলা ভূমি অফিস,ইউনিয়ন ভূমি অফিস এবং পৌর ভূমি অফিসসমূহের তালিকা ব্যয় প্রাক্কলনসহ আগামী ১০/০৪/২০২৩ তারিখের মধ্যে আবশ্যিকভাবে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, ফুলবাড়ী, রাজারহাট,উলিপুর,চিলমারী,রৌমারী ও চর রাজিবপুর, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় ভূমি সেবা প্রদানে সংশ্লিষ্ট সকলকে আরো তৎপর হওয়ার আহবান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৪/৪/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
"সমগ্র দেশে শহর ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ প্রকল্প" এর আওতায় ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ কাজের জেলা মনিটরিং কমিটি।

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৫.০২২.১৮. ৪৫৯ (২৪)

তারিখ : ২১ চৈত্র,১৪২৯ / ০৪ এপ্রিল,২০২৩

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব,ভূমি মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার,রংপুর বিভাগ, রংপুর।
৩। প্রকল্প পরিচালক, উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ (৬ষ্ঠ পর্ব) প্রকল্প", ভূমি মন্ত্রণালয়।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম।
৫। নির্বাহী প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুড়িগ্রাম।
৬। উপজেলা নির্বাহী অফিসার,................................,(সকল), কুড়িগ্রাম।
৭। সহকারী কমিশনার (ভূমি),,...............................,(সকল)কুড়িগ্রাম।
৮। প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর,জেলা কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
৯। অফিস কপি ।

৪/৪/২০২৩

জেলা প্রশাসক
কুড়িগ্রাম